ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৮৯

সোনামুড়া, ১৬ আগস্ট, ২০২৫

**বক্সনগরে স্বাধীনতা দিবস উদযাপন**

যথাযোগ্য মর্যাদায় গতকাল বক্সনগরেও ৭৯তম স্বাধীনতা দিবস পালন করা হয়। ব্লকভিত্তিক মূল অনুষ্ঠানের আয়োজন করা হয় মিনি স্টেডিয়ামে। সেখানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক তফাজ্জল হোসেন। অনুষ্ঠানে তিনি স্বাধীনতা দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপ্না নমঃ, ভাইস চেয়ারম্যান সেমিনা আক্তার, বিশিষ্ট সমাজসেবী অনিল চন্দ্র দাস, সুভাষ চন্দ্র দাস এবং বক্সনগর ব্লকের বিডিও সঞ্জীব পাল সহ বিশিষ্টজনেরা। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ দেশাত্মবোধক সংগীত, নৃত্য, যোগা ও বাল্যবিবাহ বিরোধী নাটক মঞ্চস্থ করে।

*******